

10th meeting of the BIMSTEC Joint Working Group on Counter Terrorism and Transnational Crime (JWG-CTTC)

January 12, 2023

সন্ত্রাসবাদ প্রতিরোধ এবং বহুজাতিক অপরাধের উপরে বিমস্টেক ওয়ার্কিং গ্রুপের (জেডব্লিজ-সিটিটিসি) 10ম বৈঠক

জানুয়ারি 12, 2023

ভারত সরকার দ্বারা আয়োজিত সন্ত্রাসবাদ প্রতিরোধ এবং বহুজাতিক অপরাধের উপরে বিমস্টেক ওয়ার্কিং গ্রুপের (জেডব্লিজ-সিটিটিসি) 10ম বৈঠক 12ই জানুয়ারি 2023 তারিখে নিউ দিল্লিতে শুরু হয়েছে। বিমস্টেক সকল সদস্য দেশগুলি অর্থাৎ বাংলাদেশ, ভূটান, ভারত, মায়ানমার, নেপাল, শ্রীলংকা এবং থাইল্যান্ডের প্রতিনিধিরা বৈঠকে অংশগ্রহণ করেছেন।

উদ্বোধনী অধিবেশনে ভারতের বিদেশ সচিব (পশ্চিম) শ্রী সঞ্জয় ভার্মা ভাষণ প্রদান করেছেন। দক্ষতা নির্মাণ, তথ্য আদানপ্রদান, প্রত্যর্পন এবং আইনি সহযোগিতা ক্ষেত্রগুলিতে সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে সন্ত্রাসবাদ এবং বহুজাতিক অপরাধের ভীতিকে প্রতিরোধ করার জন্য সমবেত প্রচেষ্টার প্রয়োজনীয়তার উপরে তিনি জোর দিয়েছেন। ভারতের বিদেশ মন্ত্রকের সন্ত্রাসবাদ প্রতিরোধ যুগ্ম সচিব শ্রী মহাবীর সিংহি বৈঠকের সভাপতিত্ব করেছেন।

বিমস্টেক পরিকাঠামোর অধীনে সুরক্ষা স্তম্ভের জন্য প্রধান দেশ হল ভারত। সুরক্ষা স্তম্ভের অধীনে সন্ত্রাসবাদ প্রতিরোধ এবং বহুজাতিক অপরাধের উপরে বিমস্টেক জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের কর্মকান্ড সাতটি উপ-বিভাগের ক্রিয়াকর্মের নজরদারি করে। সেগুলি হল (a) বুদ্ধিমত্তার বন্টন (b) বৈধ ও আইন প্রয়োগ (c) মৌলবাদ ও সন্ত্রাসবাদ প্রতিরোধ (d) মানি লন্ডারিং বিরোধীতা এবং সন্ত্রাসবাদে অর্থায়নের প্রতিরোধ (e) মানব পাচার এবং (f) নার্কোটিক ড্রাগস, সাইকোট্রপিক পদার্থ এবং প্রিকারসর রাসায়নিক।

বৈঠকে বিমস্টেক অঞ্চলে প্রথাগত এবং উদীয়মান অপ্রথাগত সুরক্ষা হুমকিগুলি নিয়ে আলচনা করা হয়েছে। অংশগ্রহণকারীগণ এই অঞ্চলে সন্ত্রাসবাদ প্রতিরোধ এবং বহুজাতিক অপরাধ প্রতিরোধে সহযোগিতা এবং সহযোগ বৃদ্ধিতে বিস্তারিত বিষয়ের

উপরে বক্তব্য রেখেছেন এবং সুপারিশ করেছেন।

বৈঠকে বিভিন্ন উপ বিভাগের সভার রিপোর্ট আলোচিত হয়েছে এবং অনুমোদিত হয়েছে। প্রতিনিধিরা আন্তর্জাতিক সন্ত্রাসবাদ, বহুজাতিক সংগঠিত অপরাধ এবং অবৈধ মাদক পাচারের বিরুদ্ধে লড়াইয়ে সহযোগিতা সংক্রান্ত বিমস্টেক কনভেনশনের বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়েও আলোচনা করেন যা 16ই মার্চ 2021 তারিখে সকল সদস্য দেশের অনুমোদনের পরে কার্যকর করা হয়েছে।

বৈঠকে সিটিটিসি সহযোগিতার জন্য প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া, তথ্য আদান-প্রদান ব্যবস্থা এবং বিমস্টেক দেশগুলির জন্য ক্ষমতা নির্মাণ নিয়ে আরও আলচনা করা হয়।

নিউ দিল্লি

জানুয়ারি 12, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.